

# ‘শিক্ষাপ্রতিষ্ঠানে দলীয় রাজনীতি চলবে না’

রাবি প্রতিনিধি

১৬ আগস্ট ২০২৪, ০৪:৩১ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়

শিক্ষাপ্রতিষ্ঠানে দলীয় রাজনীতি চলবে না বলে মন্তব্য করেছেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের রাজশাহীর অন্যতম সমন্বয়ক গোলাম কিবরিয়া চৌধুরী মিশু। আজ শুক্রবার নিজের ফেসবুক আইডি থেকে করা এক পোস্টে এই মন্তব্য করেন তিনি।

ওই পোস্টে তিনি লিখেছেন, ‘শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো দলীয় রাজনীতি চলবে না। ক্যাম্পাস খোলার পরে আমাদের প্রথম কর্তব্য হবে ভিসি-প্রক্টরসহ যারা থাকবেন, তাদের সঙ্গে নেগোসিয়েশন করে অফিসিয়ালি ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা। আমরা তাদেরকে প্রস্তাব দিব। আশা করি তারা মেনে নিবেন, না মানলে কিভাবে মানাতে হয় সেটা তখন দেখব। এর আগ পর্যন্ত আপনারা শিক্ষাঙ্গনে ছাত্ররাজনীতি নিষিদ্ধের দাবিতে জনমত গঠনে লেখালেখি

চালিয়ে যান। কেউ শিক্ষাঙ্গনে পুনরায় ছাত্ররাজনীতি চালু করতে চাইলে যৌক্তিক উপায়ে তাকে প্রতিহত করুন। সে যেই হোক না কেন! শিক্ষার্থীদের প্রতিষ্ঠান কিভাবে চলবে, সে সিদ্ধান্ত কেবল শিক্ষার্থীরাই নিবে।’

বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের কয়েকজনের সঙ্গে আলোচনা করে জানা যায়, তারাও ক্যাম্পাসে দলীয় রাজনীতি চাচ্ছেন না। তবে ভিন্ন কথা বলছেন জাতীয়তাবাদী ছাত্রদলের নেতারা।

রাবি শাখা ছাত্রদলের আহ্বায়ক সুলতান আহমেদ রাহি বলেন, ‘সুষ্ঠু ধারার ছাত্র রাজনীতি চালু থাকুক। শোডাউন দেখে নয়, মেধা ও যোগ্যতার ভিত্তিতে নেতৃত্ব বিকশিত হোক। ধান্দাবাজ নয়, প্রকৃত রাজনীতিবিদ গড়ে উঠুক। এরাই ভবিষ্যতে নেতৃত্ব দেবে বাংলাদেশের।’